# জীবন বীমা কর্পোরেশন

## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

**বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | মন্তব্য |
| ০১ | ই-রিসিপ্ট | বীমা খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে বীমা পলিসি গ্রাহকগণকে ডিজিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে পলিসি গ্রাহকগণ নিজে নিজে অনলাইন হতে ই-রিসিপ্ট দেখা/প্রিন্ট গ্রহণ করার ব্যবস্থা করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | http://ebima.gov.bd/common/general-dashboard | অনলাইনকৃত সেবা |
| ০২ | তথ্য প্রযুক্তি নির্ভর কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা | "তথ্য প্রযুক্তি নির্ভর কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা" বাস্তবায়নের ফলে-<br>➢ বীমাগ্রাহকগণ তাঁদের নিকটস্থ কর্পোরেশন অনুমোদিত ব্যাংকের শাখায় বীমা পলিসি প্রিমিয়াম জমা দিতে পারছেন;<br>➢ প্রচলিত কোর ব্যাংকিং শাখার পাশাপাশি ব্যাংকের বিভিন্ন এজেন্ট পয়েন্ট, এমএফএস (MFS), ফাস্ট ট্র্যাক, ইত্যাদি বিকল্প সেবা মাধ্যমেও বীমাগ্রহীতাগণ তাঁদের প্রিমিয়াম জমা করতে পারছেন;<br>➢ বীমাগ্রহীতাগণ ঘরে বসেই যেকোন দিন, যেকোন সময় মোবাইল অ্যাপস (রকেট, নগদ, বিকাশ) ব্যবহার করেও প্রিমিয়াম জমা করতে পারছেন;<br>➢ আর্থিক সেবা গ্রহণের জন্য অফিসে আসতে হচ্ছেনা বিধায় অর্থ ও সময়ের সাশ্রয় হচ্ছে।<br><br>বীমাগ্রহীতাগণকে নিরবিচ্ছিন্ন সেবা প্রদানের মাধ্যমে তীব্র প্রতিযোগিতামূলক বাজারে কর্পোরেশনের ব্যবসায়িক প্রবৃদ্ধি অব্যাহত রাখতে যেকোনো সময়ে, যেকোনো স্থান থেকে বীমা-সেবা প্রদানের এই উদ্যোগ গ্রাহক সন্তুষ্টির পাশাপাশি আর্থিক ব্যবস্থাপনায় গতিশীলতা সৃষ্টিতে ব্যাপক ভূমিকা রাখছে। | হ্যাঁ | হ্যাঁ | - | উদ্ভাবনী ধারণা |
| ০৩ | এসএমএস এর মাধ্যমে ডিমান্ড নোটিশ এর | "এসএমএস এর মাধ্যমে ডিমান্ড নোটিশ এর নোটিফিকেশন প্রেরণ" বাস্তবায়নের জন্য বীমা গ্রাহকরা খুব সহজেই প্রিমিয়াম জমা দেয়ার তারিখ সম্পর্কে অবগত হচ্ছেন। ফলে গ্রাহকের ভোগান্তি কমছে যা | হ্যাঁ | হ্যাঁ | - | ডিজিটাইজকৃত সেবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | মন্তব্য |
| | নোটিফিকেশন প্রেরণ | কর্পোরেশনের প্রতি গ্রাহকের আস্থা বৃদ্ধিতে সহায়তা করছে এবং কর্পোরেশনের ব্যবসা বৃদ্ধির ক্ষেত্রেও বড় ধরণের ভূমিকা রাখছে। | | | | |
| ০৪ | অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের ইএফটি এর মাধ্যমে পেনশন প্রদান | জীবন বীমা কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের ইএফটি এর মাধ্যমে পেনশন প্রদান বাস্তবায়নের ফলে পেনশন হোল্ডাররা খুব সহজেই ঘরে বসেই ইএফটি এর মাধ্যমে মাসিক পেনশন পাচ্ছেন। ফলে অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের মাসিক পেনশন পেতে শেষ বয়সে আর ভোগান্তিতে পড়তে হচ্ছে না। সময় ও অর্থ লাঘবের পাশাপাশি মুহূর্তের মধ্যে পেনশনের টাকা প্রাপ্তি নিশ্চিত হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | - | সহজিকৃত সেবা |
| ০৫ | পলিসি তথ্য | বীমা খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে বীমা পলিসি গ্রাহকগণকে ডিজিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে পলিসি গ্রাহকগণ নিজে নিজে অনলাইন হতে পলিসির তথ্য দেখা/প্রিন্ট গ্রহণ করার ব্যবস্থা করা হয়েছে। ফলে অনলাইনের মাধ্যমে গ্রাহক নিজেই নিজের পলিসির তথ্য ঘরে বসে জানতে পারছেন। সময় ও অর্থ ব্যয় কমছে, স্বচ্ছতা এবং গ্রাহকের আস্থা বৃদ্ধি পাচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | http://ebima.gov.bd/common/general-dashboard | সহজিকৃত সেবা |
| ০৬ | ট্যাক্স রিবেট সার্টিফিকেট | পলিসি গ্রাহকগণ নিজে নিজে অনলাইন হতে ট্যাক্স রিবেট সার্টিফিকেট দেখা/প্রিন্ট গ্রহণ করার ব্যবস্থা করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | http://ebima.gov.bd/common/general-dashboard | অনলাইনকৃত সেবা |
| ০৭ | প্রিমিয়াম ক্যালকুলেটর | ই-সার্ভিসের অংশ হিসেবে কর্পোরেশনের ওয়েবসাইট থেকে প্রিমিয়াম ক্যালকুলেটর এর মাধ্যমে খুব সহজেই পলিসির প্রিমিয়াম সম্পর্কে ধারণা নেয়া যায়। | হ্যাঁ | হ্যাঁ | http://ebima.gov.bd/common/general-dashboard | ডিজিটাইজকৃত সেবা |
| ০৮ | ই-ইন্সুরেন্স সিস্টেমে কর্পোরেশনের 'মেয়াদোত্তর দাবী পরিশোধ' | ই-ইন্সুরেন্স সিস্টেম এর মাধ্যমে সম্পূর্ন অটোমেটেড পদ্ধতিতে কর্পোরেশনের 'মেয়াদোত্তর দাবী পরিশোধ' এর ব্যবস্থা করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | https://einsurance.gov.bd/ | সহজিকৃত সেবা |
| ০৯ | ডিজিটাল পদ্ধতিতে মরণোত্তর দাবী (একক বীমা) নিষ্পত্তি | ই-ইন্সুরেন্স সিস্টেম এর মাধ্যমে সম্পূর্ন অটোমেটেড পদ্ধতিতে কর্পোরেশনের 'মরণোত্তর দাবী (একক বীমা) নিষ্পত্তি' এর ব্যবস্থা করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | https://einsurance.gov.bd/ | ডিজিটাইজকৃত সেবা |

31.12.24
মোঃ সাইফুল ইসলাম
সহকারী প্রোগ্রামার
আইসিটি ডিভিশন

প্রকৌশলী সামিমা তাসনিয়া ইসলাম
সহকারী সিস্টেম এনালিস্ট
আইসিটি ডিভিশন
জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।

শুভাশীষ কর্মকার শুভ
সিনিয়র প্রোগ্রামার

প্রকৌ. ... সোয়াইব
ডেপুটি জেনারেল ম্যানেজার
আইসিটি ডিভিশন

রেজিনা আক্তার
জেনারেল ম্যানেজার (উপ সচিব)
আইসিটি ডিভিশন
জীবন বীমা কর্পোরেশন